

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২৭৩৩(আগরতলা, ২।১১)

বিশালগড়, ২ নভেম্বর, ২০১৮

প্রকৃতির ভারসাম্য রক্ষায় সবাইকে
এগিয়ে আসতে হবে : উপ-মুখ্যমন্ত্রী

মানুষ প্রকৃতির উপর নির্ভরশীল। তাই প্রকৃতিকে রক্ষা করতে প্রতিটি মানুষকে অঙ্গীকারবদ্ধ হতে হবে। আজ সিপাহীজলা অভয়ারণ্যের মুক্তমঞ্চে আয়োজিত ৬৪তম রাজ্যভিত্তিক বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে উপ-মুখ্যমন্ত্রী যীষু দেববর্মা একথা বলেন। তিনি বলেন, প্রকৃতি আছে বলেই মানব সভ্যতাও বেঁচে আছে। তাই প্রকৃতি রক্ষায় প্রতিটি মানুষকে সচেতন হতে হবে। ভারতবর্ষের প্রাচীন ইতিহাসের উল্লেখ করে উপ-মুখ্যমন্ত্রী বলেন, প্রাচীনকালে এ দেশের মুনিঋষিরাও প্রকৃতি বন্দনা করে গেছেন। প্রকৃতিকে কেন্দ্র করে গড়ে উঠা ভারতীয় সংস্কৃতির উল্লেখ করে তিনি মানুষকে সুস্থভাবে বেঁচে থাকার জন্য প্রকৃতির ভারসাম্য রক্ষায় সবাইকে এগিয়ে আসতে আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি বনমন্ত্রী মেবার কুমার জমাতিয়া তার আলোচনায় প্রকৃতির ভারসাম্য রক্ষায় বন্যপ্রাণী রক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, দীর্ঘদিন যাবৎই এই ধরনের অনুষ্ঠান হয়ে আসছে। কিন্তু এর উদ্দেশ্য সফল হয়নি। বন্যপ্রাণী তথা পরিবেশ রক্ষায় প্রতিটি মানুষকে সচেতন হতে হবে। অনুষ্ঠানে বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা, চড়িলাম বি এ সি'র চেয়ারম্যান রাজীব দেববর্মা, মুখ্য বনসংরক্ষক ড. এ রাস্তোগীও আলোচনা করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর সহ বিভিন্ন এলাকা থেকে আগত শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবী অঞ্জন পুরকায়স্থ। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত বন ও প্রাণী সংরক্ষক ড. বি কে শর্মা। অনুষ্ঠানে রাজ্যভিত্তিক বন্যপ্রাণী সপ্তাহ পালন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।
